

প্রকাশ : বৃহস্পতিবার, ২৪ ডিসেম্বর, ২০১৫ ০০:০০ টা  
আপলোড : ২৪ ডিসেম্বর, ২০১৫ ০৩:২৭

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

# ৩০ ডিসেম্বরের মধ্যে যানজটমুক্ত গাবতলীর ঘোষণা আনিসুলের

| নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

রাজধানীর গাবতলী ও আমিনবাজার এলাকা আগামী ৩০ ডিসেম্বরের মধ্যে যানজটমুক্ত করার ঘোষণা দিয়েছেন ঢাকা উত্তর সিটি মেয়র আনিসুল হক। গতকাল সকালে গাবতলী বাস টার্মিনালে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। এ সময় ওই এলাকার সড়কে পার্কিং পরিস্থিতি পর্যবেক্ষণ করেন এবং রাস্তায় যানবাহন না রাখার নির্দেশ দেন মেয়র। তিনি বলেন, নির্ধারিত সময়ের মধ্যে ওই সড়কের অবৈধ পার্কিং বন্ধ করা হবে। এরপর ১ জানুয়ারি থেকে সেখানে নিয়মিত অভিযান চালাবে পুলিশ। আনিসুল হক বলেন, এখানকার রাস্তায় প্রচুর বাস-ট্রাক দাঁড়িয়ে থাকে। ট্রাক মালিক সমিতির নেতাদের সঙ্গে কথা হয়েছে।